



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

রোভার মুটে জবির রোভার স্কাউট গ্রুপের অংশগ্রহণ



জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের সদস্যরা গাজীপুরে অনুষ্ঠিত 'আঞ্চলিক রোভার মুট'-এ অংশগ্রহণ করেছে এবং নিজেদের সফলতা ধরে রেখেছে। এ উপলক্ষে ১০ জানুয়ারি-২০১৮, বুধবার জবি রোভার স্কাউটস গ্রুপের গ্রুপ সম্পাদক ও উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার-এর নেতৃত্বে রোভার স্কাউটস গ্রুপের সদস্যরা উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর সাথে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন।

উল্লেখ্য, জবি রোভার মুটে চ্যালেঞ্জ তাঁবুকলায় প্রথম ও দ্বিতীয় দিন ২য় স্থান পেয়ে গৌরব পতাকা অর্জন করে (খ) ইউনিট। এছাড়াও তৃতীয় দিন একই চ্যালেঞ্জে প্রথম স্থান পেয়ে গৌরব পতাকা অর্জন করে (গ) ইউনিট। চতুর্থ দিন তাঁবুকলায় (ক) ইউনিট ২য় স্থান এবং গার্ল-ইন-রোভার ইউনিট ৩য় স্থান পেয়ে গৌরব পতাকা অর্জন করে।

এছাড়া চ্যালেঞ্জ ক্যারিয়ার প্ল্যানিং-এ সেরা প্রশ্ন করে কৃতিত্ব দেখিয়েছে (খ) ও গার্ল-ইন-রোভার ইউনিট। চ্যালেঞ্জ জিডিভিতে পরীক্ষায় আশানুরূপ নম্বর পেয়ে সফল হয়েছে ক, খ ও গ ইউনিট। রোভারদের মেধা যাচাই চ্যালেঞ্জে প্রথম স্থান অর্জন করেছে (খ) ইউনিট এবং দ্বিতীয় স্থান অর্জন করেছে (ক) ইউনিট।